

বাংলাদেশ দূতাবাস
ব্যংকক

প্রেস বিজ্ঞপ্তি

বিকেকে নং-১৩৫

**কম্বোডিয়ায় কন্ট্রাক্ট ফার্মিং বিষয়ে বাংলাদেশে সহায়তায় কম্বোডিয়ার কৃষি, বন ও মৎস্য
সম্পদ বিষয়ক মন্ত্রীর সহযোগিতার আশ্বাস**

নমপেন, ২২ আগস্ট ২০২২

কম্বোডিয়ায় সমবর্তী বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই আজ বিকালে কম্বোডিয়ার কৃষি, বন ও মৎস্য সম্পদ বিষয়ক মন্ত্রী H.E. Veng Sakhon এর সাথে তাঁর কার্যালয়ে বৈঠক করেন। বৈঠকে দু' দেশের শীর্ষ পর্যায়ের বৈঠক ও সম্প্রতি বাংলাদেশের মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর কম্বোডিয়া সফরকালে উত্থাপিত কম্বোডিয়ায় কন্ট্রাক্ট ফার্মিং এর সম্ভাব্যতা ও করণীয় সম্পর্কে সুনির্দিষ্ট আলোচনা হয়।

বৈঠকে কম্বোডিয়ার কৃষি, বন ও মৎস্য সম্পদ বিষয়ক মন্ত্রী কম্বোডিয়ায় বাংলাদেশ কর্তৃক কন্ট্রাক্ট ফার্মিং বাস্তবায়নের প্রক্রিয়াসমূহ বিশদভাবে উত্থাপন করেন; এ সময় কন্ট্রাক্ট ফার্মিং বিষয়ে সরকারি ও বেসরকারি অংশীজন সংস্থার শীর্ষস্থানীয় কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বাংলাদেশের প্রেক্ষিত বিবেচনায় মান্যবর রাষ্ট্রদূত দু'দেশের কারিগরি পর্যায়ে আলোচনার উপর গুরুস্বারোপ করেন। মান্যবর রাষ্ট্রদূত কৃষিক্ষেত্রে ও খাদ্য নিরাপত্তায় বাংলাদেশের সাফল্য এবং এ ক্ষেত্রে বাংলাদেশের কৃষিবিজ্ঞানীদের অবদানের কথা তিনি কম্বোডিয়ার মন্ত্রীর নিকট তুলে ধরেন; কম্বোডিয়ার কৃষি মন্ত্রী কন্ট্রাক্ট ফার্মিং-এর ক্ষেত্রে তাঁদের সাফল্য চিত্র মান্যবর রাষ্ট্রদূতকে অবহিত করেন; রাষ্ট্রদূত দুই দেশের মধ্যে কৃষি ক্ষেত্রে সহযোগিতা বিষয়ে ২০১৭ সালে স্বাক্ষরিত সমঝোতা স্মারক বাস্তবায়নের প্রতি গুরুস্ব আরোপ করেন। কম্বোডিয়ার কৃষিমন্ত্রী এ ক্ষেত্রে উক্ত দেশের কৃষিজীবী, বেসরকারি সংস্থা ও ব্যবসায়ীদের সম্পৃক্ততার কথা উল্লেখ করেন। এ বৈঠকে স্বাক্ষরিত সমঝোতা স্মারক বাস্তবায়নের আওতায় কন্ট্রাক্ট ফার্মিং-এর বিষয়ে আলোচনা অগ্রসর করার সিদ্ধান্ত গৃহীত হয়। দ্রুততম সময়ের মধ্যে দুই দেশ এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় দলিল স্বাক্ষরের ক্ষেত্রে অগ্রসর হবে;

বৈঠকে দূতাবাসের কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্ঝর অধিকারী মান্যবর রাষ্ট্রদূতের সাথে ছিলেন।

